তারিখ: 17 OCT 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ২

যুগান্তর

ঢাবির গ-ইউনিট ভর্তি পরীক্ষা

# উত্তরপত্র পুনঃনিরীক্ষণ নিয়ে রহস্যময় আচরণ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত গ-ইউনিটের অধীনে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণ নিয়ে রসহস্যময় আচরণ করছে প্রশাসন। ৬ অক্টোবর ফল প্রকাশ হলেও সেদিন বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে ফলাফল পুনঃনিরীক্ষণের বিষয়ে কোনো তথ্য জানানো হয়নি। এমনকি বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তি, ভর্তি পরীক্ষার ওয়েবসাইট এবং ডিন অফিসের নোটিশ বোর্ডেও এ সংক্রান্ত কোনো তথ্য দেয়া হয়নি। অথচ ব্যবসায় অনুষদের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার পুনঃনিরীক্ষণের আবেদনের সময় শেষ হয়েছে।

## আজ ও কাল আবেদনের সুযোগ

এ বছর গ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অসংখ্য ভুলের ফলে যেখানে উত্তরপত্র মূল্যায়ন প্রক্রিয়া নিয়েই বিতর্ক রয়েছে, সেখানে পুনঃনিরীক্ষণ নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের রহস্যময় আচরণে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন শিক্ষার্থীরা। কারণ প্রশাসনের এমন সিদ্ধান্তে প্রায় ৩৮ হাজার শিক্ষার্থী ফলাফল যাচাইয়ের সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। এবছর গ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অসংখ্য অসংগতি থাকা সত্ত্বেও পরীক্ষায় অংশ নেয়া ৪০ হাজার ২৩৪ জন শিক্ষার্থীর মধ্য হতে মাত্র ১১ জন ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন করেছে। বিষয়টি নিশ্চিত করেছেন ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন।

বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি কার্যক্রমের সমন্বয়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ যুগান্তরকে জানিয়েছেন, ডিন অফিস থেকে এ সংক্রান্ত কোনো তথ্য ভর্তি অফিসকে দেয়া হয়নি বিধায় সেটি ওয়েবসাইটে সংযোজন করা হয়নি। অন্যদিকে ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন ও 'গ' ইউনিট ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. শিবলী রুবাইয়াতুল ইসলাম জানান, ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দেয়া অনলাইন ভর্তি কমিটির কাজ। তারা কেন দেয়নি তা তারা (অনলাইন ভর্তি কমিটি) জানেন।

এ বছর গ-ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে রেকর্ডসংখ্যক ■ পৃষ্ঠা ১৬ : কলাম ১

# উত্তরপত্র পুনঃনিরীক্ষণ নিয়ে রহস্যময় আচরণ

(৩য় পৃষ্ঠার পর)

ভুল, ফল প্রকাশে রেকর্ড সময় বিলম্ব, ফলাফল প্রকাশের পর অনলাইনে নানা ধরনের অসংগতির ঘটনা ঘটে। নতুন করে যুক্ত হল বিজ্ঞপ্তি ছাড়াই উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ঘটনা। অতীত ইতিহাস বলছে, সাধারণত ফল প্রকাশের পরবর্তী এক সপ্তাহ উত্তরপত্র পুনঃনিরীক্ষণের সময় দেয়া হয়। কিন্তু এ সংক্রান্ত কোনো বিজ্ঞপ্তি প্রকাশ করেনি ইউনিটটি। রোববার বিকালে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে গিয়ে দেখা যায়, সেখানে পুনঃনিরীক্ষণ সংক্রান্ত কোনো তথ্য নেই। তথ্য নেই ডিন অফিসের নোটিশ বোর্ডেও। ফলাফল প্রকাশের পর জনসংযোগ দফতর থেকে পাঠানো বিজ্ঞপ্তিতেও ছিল না উত্তরপত্র নিরীক্ষণের বিষয়ে কোনো নির্দেশনা। এর আগের অন্যান্য ইউনিটের পরীক্ষাগুলোতে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের নোটিশ বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত তিনটি দায়িত্বশীল শাখা থেকেই প্রকাশ করা হয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক যুগান্তরকে বলেন, 'সকল শিক্ষার্থী ফলাফল পুনঃনিরীক্ষণের সুযোগ পাবে। সেটি আমরা আগেই বলেছি। এরপরও যদি কেউ ফলাফল পুনঃনিরীক্ষণের সুযোগ না পায় তাহলে এখনও ডিন অফিসে সে আবেদন করতে পারবে। আমি এ বিষয়ে সবাইকে বলে দিয়েছি। এরপরও যদি কোনো শিক্ষার্থী পুনঃনিরীক্ষণে কোনো ধরনের সমস্যার সম্মুখীন হন- তাহলে সে যেন সরাসরি আমার সঙ্গে যোগাযোগ করে। আমার, শিক্ষার্থীদের যে কোনো সমস্যা আমি নিজেই দেখব'।

**পুনঃনিরীক্ষণের সুযোগ আরও দুই দিন :** রোববার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া নতুন তথ্য অনুযায়ী শিক্ষার্থীরা আজ ও কাল আরও দু'দিন ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন করতে পারবে। রোববার বিকাল পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ফলাফল পুনঃনিরীক্ষণের বিষয়ে নির্দেশনা না থাকলেও বিষয়টি নিয়ে বিতর্ক তৈরি হলে সন্ধ্যায় এ সংক্রান্ত একটি নির্দেশনা সংযোজন করা হয়েছে।